



জিম্মি মুক্তি চুক্তি সম্ভব, বাস্তবায়নের দায়িত্ব নেতানিয়াহুর: সেনাবাহিনী প্রধান



সংগৃহীত ছবি

ইসরায়েলি সেনাবাহিনী জানিয়েছে, গাজায় থাকা বাকি জিম্মিদের মুক্তি নিয়ে সমঝোতার একটি চুক্তি টেবিলে রয়েছে। তবে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব এখন প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর।

ইসরায়েলি সেনাবাহিনীর প্রধান লেফটেন্যান্ট জেনারেল ইয়াল জামির বলেছেন, “আমরা এমন পরিস্থিতি তৈরি করেছি যেখানে জিম্মি মুক্তির একটি চুক্তি সম্ভব, কিন্তু বাস্তবায়নের সিদ্ধান্ত সরকারের।”

গত মঙ্গলবার (১৯ আগস্ট) ইসরায়েলের নিরাপত্তা মন্ত্রিসভা গাজা যুদ্ধ এবং জিম্মি মুক্তি সংক্রান্ত মধ্যস্থতাকারীদের নতুন প্রস্তাব উপস্থাপন করে। প্রস্তাবটি ফিলিস্তিনি স্বাধীনতাকামী সংগঠন হামাস ইতোমধ্যেই গ্রহণ করেছে। তবুও, নেতানিয়াহু এখনও গাজায় অভিযান চালানোর পক্ষে অবস্থান নিয়েছেন।

এদিকে, ইসরায়েলি জিম্মিদের পরিবারগুলো সরকারের ওপর চাপ সৃষ্টি করেছে। তারা যুদ্ধের অবসান এবং জিম্মি মুক্তির দাবিতে নেতানিয়াহু সরকারের মন্ত্রীদের বাড়ির সামনে বিক্ষোভ করেছেন।

সূত্র: আল জাজিরা